

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ যৌন জীবন রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মাসিক বন্ধ হয়ে গেছে ধারনা করে স্ত্রী সহবাসের পর পুনরায় খুন দেখা গেলে গোনাহ হবে কি? অতঃপর করণীয় কি?

প্রবল ধারণায় যখন বুঝা যাবে যে, মহিলা পবিত্র হয়ে গেছে, তখন তাকে গোসল করে নামায রোযা করতে হবে। কিন্তু নামায রোযা শুরু করবার পর অথবা স্বামী সঙ্গমের পর যদি পুনরায় খুন দেখে তাহলে গোনাহ হবে না। যেহেতু খুন থাকা অবস্থায় মাসিক জেনে সঙ্গম করলে গোনাহ হবে। অবশ্য যদি সেই খুন অভ্যাসগত প্রিয়ডের ভিতরে হয়, তাহলে তা মাসিকের খুন।

সুতরাং অতঃপর পুনরায় নামায রোযা ও সঙ্গমাদি বন্ধ করতে হবে। পক্ষান্তরে তা যদি প্রিয়ডের বাইরে হয়, তাহলে তা মাসিকের খুন নয়, তাকে "ইন্ডিহাযা"র খুন বলে। তাতে কোন দোষ হবে না। তবে মহিলার উচিৎ, অভ্যাসগত প্রিয়ড শেষ না হওয়া পর্যন্ত খুন বন্ধ দেখে স্বামী সহবাসে তড়িঘড়ি না করা। উচিৎ হল, সাদা স্রাব বের হতে শুরু না হওয়া পর্যন্ত অথবা পরিপূর্ণরূপে খুন বন্ধ না হওয়া পর্যন্ত অথবা প্রিয়ডের গনা দিন শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করা। নচেৎ স্ত্রী জেনেশুনে বাঁধা না দিলে তার গোনাহ হবে। (মুহাম্মাদ স্বালেহ আল-মুনাজ্জিদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1414

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন